

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-১৪৪৬  
আগরতলা, ২ সেপ্টেম্বর, ২০১৯

বিধানসভা সংবাদ

আগরতলা সহ অন্যান্য এলাকায় যানজট  
নিরসনে নতুন পরিকল্পনা নেওয়া হয়েছে : মুখ্যমন্ত্রী

আগরতলা শহর সহ অন্যান্য জনবসতিপূর্ণ শহর ও নগরাঞ্চলে প্রতিনিয়ত যানজট সমস্যা নিরসনে স্বরাষ্ট্র দপ্তর বেশ কিছু নতুন পরিকল্পনা নিয়েছে। আজ রাজ্য বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে বিধায়ক ভগবান চন্দ্র দাসের এ সম্পর্কিত প্রশ্নের লিখিত উত্তরে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এই তথ্য জানান।

যানজট সমস্যা নিরসনে সংশ্লিষ্ট দপ্তরের নতুন পরিকল্পনার কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী শ্রীদেব জানান, আগরতলাসহ অন্যান্য জনবসতিপূর্ণ শহর ও নগরাঞ্চলে প্রতিনিয়ত যানজট সমস্যা নিরসনে, পার্কিং এবং নো-পার্কিং জোনগুলি পুনর্বিবেচনা করা হচ্ছে। পুলিশ এবং আগরতলা পুর নিগম যুগ্মভাবে আগরতলার রাস্তা এবং ফুটপাথ পুনরুদ্ধারে উদ্যোগ নিয়েছে। আগরতলা শহরের প্রধান সড়কগুলিতে সকাল ৭টা থেকে সন্ধ্যা ৭.৩০ মিনিট পর্যন্ত ভারি যানবাহনে বিধিনিষেধ চালু করা হয়েছে। ইলেক্ট্রনিক্স ট্রাফিক সিগন্যাল পদ্ধতি আরও স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে। পার্কিং প্লেস নির্বাচন করা এবং বহুতল পার্কিং স্থান নির্মাণের বিষয়ে নগর উন্নয়ন দপ্তরের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। যানবাহন চলার সুবিধার্থে শহরের কিছু কিছু রাস্তাকে যানবাহন চলাচলে একমুখী রাস্তা হিসেবে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

\*\*\*\*\*